গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
Enhancing Professional Skills of Teachers Scheme
সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম(এসইডিপি)
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা ১২০৫
www.naem.gov.bd

স্মারক নং ৩৭.০৪.০০০০.২০৩.২৫.০৩৯.২৪-১২

তারিখ: ১৩.০১.১৪৩১ ব. / ২৬.০৪.২০২৪ খ্রি.

বিষয়: **Induction Training for Non-Cadre Government College Teachers** শীর্ষক (প্রথম-পঞ্চম ব্যাচ) প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ

সূত্র: স্মারক নং-৩৭.০২.০০০০.১১০.৬২.২০.২৪.৩৪৬, তারিখ: ২৫.০৪.২০২৪ খ্রি. মাউশি, ঢাকা

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১৭ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ/৩০ এপ্রিল ২০২৪ খ্রি. মঙ্গলবার হতে জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)-এ সরকারি কলেজের নন ক্যাডার শিক্ষকবৃন্দের জন্য ৪৫ দিনের Induction Training for Non-Cadre Government College Teachers শীর্ষক কোর্সে অংশগ্রহণের জন্য তাকে মনোনয়ন দেওয়া হয়েছে। কোর্সের প্রয়োজনীয় তথ্য ও নির্দেশনা নিচে দেওয়া হলো:

১। কোর্সে অংশগ্রহণের জন্য ১৬ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ/২৯ এপ্রিল ২০২৪ খ্রি. সোমবার বিকাল ৩:০০টায় জীবন বৃত্তান্ত, সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি এবং প্রতিষ্ঠান প্রধানের ছাড়পত্রসহ নায়েম-এর প্রশাসনিক ভবনের নিচতলায় 'ওয়ান স্টপ সার্ভিস পয়েন্ট'-এ রিপোর্ট করতে হবে;

২। প্রশিক্ষণ কোর্সটি সম্পূর্ণ আবাসিক। প্রশিক্ষণ চলাকালে নায়েম হোস্টেলে অবস্থান বাধ্যতামূলক। হোস্টেলে ব্যবহার্য লেপ, তোশক, বালিশ, মশারি কর্তৃপক্ষ সরবরাহ করবেন। হোস্টেল সার্ভিস চার্জ বাবদ প্রতিদিন ৩০০.০০ টাকা হারে ৪৫ (পয়তাল্লিশ) দিনে (৪৫ দিন ×৩০০/-) = ১৩,৫০০/- (তের হাজার পাঁচশত) টাকা হোস্টেলে ওঠার সময় এককালীন পরিশোধ করতে হবে; উল্লেখ্য, বর্ণিত টাকা স্কীম ফান্ড থেকে প্রদান করা হবে;

৩। উদ্বোধনী অনুষ্ঠানে পুরুষ প্রশিক্ষণার্থীগণকে বাধ্যতামূলকভাবে সাদা ফুলহাতা শার্ট, কালো ট্রাউজার (প্যান্ট) ও টাই পরিধান করতে হবে। যারা পাঞ্জাবি-পাজামা পরিধান করেন তারা সাদা পাঞ্জাবি-পাজামা এবং কালো জুতা (ফিতাসহ) পরিধান করবেন। সেজন্য প্রশিক্ষণে যোগদানের পূর্বে প্রশিক্ষণার্থীগণ সাদা শার্ট, কালো ট্রাউজার (প্যান্ট)/ পাঞ্জাবি-পাজামা ও অক্সফোর্ড সু নিয়ে আসবেন। প্রশিক্ষণে যোগদানের দিন প্রশিক্ষণার্থীদের একই ধরনের একটি করে টাই সরবরাহ করা হবে। কোর্সের সেশন ড্রেস, মেস রজনী ও অতিথি রজনীসহ প্রশিক্ষণ চলাকালীন অন্যান্য পোশাকের রঙ কোর্স কমিটি নির্ধারণ করবে;

৪। নারী প্রশিক্ষণার্থীগণকে উদ্বোধনী অনুষ্ঠানে, সেশনকক্ষে ও অন্যান্য কর্মসূচিতে অংশগ্রহণের জন্য কোর্স শুরুর অব্যবহিত পরেই কোর্স সমন্বয় কমিটির নির্দেশনা মোতাবেক ইউনিফরম (শাড়ি, স্যালোয়ার-কামিজ) তৈরি/ ক্রয় করতে হবে;

৫। শরীরচর্চা ও খেলাধুলার সময় অবশ্যই পুরুষ প্রশিক্ষণার্থীগণকে সাদা রঙের স্পোর্টস ট্রাউজার ও কলারসহ সাদা টি-শার্ট, সাদা মোজা, সাদা কেডস এবং নারী প্রশিক্ষণার্থীগণকে সাদা সালোয়ার-কামিজ এবং সাদা রঙের মোজা, সাদা কেডস পরিধান করতে হবে। প্রয়োজনে সকল অংশগ্রহণকারী সাদা ট্র্যাকস্যুট ব্যবহার করতে পারবেন। শরীরচর্চা ও খেলাধুলার পোশাক প্রশিক্ষণার্থীগণ সঙ্গে আনবেন;

৬। প্রশিক্ষণকালে প্রতি প্রশিক্ষণার্থীকে পোশাকভাতা বাবদ ১০,০০০.০০ (দশ হাজার) টাকা, দৈনিক ৬০০.০০ (ছয়শত) টাকা হারে প্রশিক্ষণ ভাতা এবং প্রায় ২,০০০.০০ (দুই হাজার) টাকা মূল্যমানের পুস্তক প্রদান করা হবে;

৭। কোর্সে যোগদানের সময় বিল প্রাপ্তির পূর্বের ব্যয় নির্বাহের জন্য (খাওয়া খরচ, পোশাক তৈরি ও হোস্টেল সার্ভিস চার্জ ইত্যাদি) কমপক্ষে ১৫,০০০.০০ (পনের হাজার) টাকা সঙ্গে আনতে হবে;

৮। কোর্সে প্রশিক্ষণার্থীগণের প্রশিক্ষণ ভাতা খাতে প্রতিদিনের জন্য বরাদ্দকৃত ৬০০.০০ (ছয়শত) টাকা থেকে প্রতি দিনের দুই বেলা খাবার, সকালের নাশতা এবং সহপাঠক্রমিক কার্যক্রম ব্যবস্থাপনা ও আনুষঙ্গিক ব্যয় নির্বাহ করা হবে;

৯। বয়স ৫৫ বছর উর্ধ্ব হলে এ কোর্সে অংশগ্রহণের সুযোগ নেই;

১০। মনোনীত কোনো কর্মকর্তা গুরুতর অসুস্থ হলে কিংবা কোনো নারী কর্মকর্তা সন্তানসম্ভবা হলে কিংবা দুগ্ধপোষ্য শিশু থাকলে কিংবা সরকারি হাসপাতালে ভর্তি থাকলে মেডিকেল বোর্ডের সনদ পেশ করা সাপেক্ষে তাঁকে কোর্সে অংশগ্রহণ করা থেকে অব্যাহতি দেওয়া যেতে পারে। এক্ষেত্রে আগামী ২৯/০৪/২০২৪ খ্রি. বেলা ১২:০০টার মধ্যে অংশগ্রহণের অপারগতা জানিয়ে অধ্যক্ষ/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক, নায়েম ও স্কীম ডিরেক্টর, এসইডিপি বরাবর আবেদনপত্র প্রেরণ করতে হবে। আবেদনপত্রের অনুলিপি director_admin@naem.gov.bd এ প্রেরণ করতে হবে। উল্লিখিত কারণ ব্যতীত এবং নির্ধারিত সময়ের মধ্যে অবহিত না করে কোর্সে অনুপস্থিত থাকলে তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করা হবে;

১১। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮, সরকারি কর্মচারী আইন ২০১৮ এবং নায়েমের প্রশিক্ষণ-সম্পর্কিত নিয়ম-শৃঙ্খলা ও বিধি-বিধান অনুসরণে কোর্সটি পরিচালিত হবে। কোনো প্রশিক্ষণার্থী এর ব্যত্যয় ঘটালে বিধি মোতাবেক কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। উল্লেখ্য প্রশিক্ষণ কোর্সে ছুটি বিধি প্রযোজ্য নয়;

১২। প্রশিক্ষণার্থীগণকে সরকারি এডহক নিয়োগ প্রজ্ঞাপনের কপি এবং সরকারি যোগদানের কপি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) সঙ্গে আনতে হবে;

১৩। কোন ভুল তথ্য প্রদান করে প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করলে তিনি দায়ি থাকবেন এবং তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;

১৪। প্রশিক্ষণ সংক্রান্ত অন্য কোনো তথ্য জানার প্রয়োজন হলে ডেপুটি স্কীম ডিরেক্টর, প্রফেসর ড. শাহ মো. আমির আলী, পরিচালক (প্রশাসন ও অর্থ), নায়েম, ঢাকা, মোবাইল নম্বর-০১৭৩৭৫০৬৮৯৮ এর সঙ্গে যোগাযোগ করা যেতে পারে;

১৫। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ-এর মনোনয়ন অনুযায়ী এ পত্র জারি করা হলো। সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীগণ কোর্সে অংশগ্রহণের জন্য ২৯ এপ্রিল ২০২৪ সোমবার থেকে কর্মরত প্রতিষ্ঠান হতে বিমুক্ত বলে গণ্য হবেন;

২৬/০৪/২৪
(প্রফেসর ড. তাহমিনা বেগম)
মহাপরিচালক, নায়েম
ও
স্কীম ডিরেক্টর, এসইডিপি

জনাব-----------------------------
---------------------------------
---------------------------------

স্মারক নং ৩৭.০৪.০০০০.২০৩.২৫.০৩৯.২৪-১২(১৭)

তারিখ: ১৩.০১.১৪৩১ ব. / ২৬.০৪.২০২৪ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
২. প্রোগ্রাম কো-অর্ডিনেটর, প্রোগ্রাম কো অর্ডিনেশন ইউনিট, এসইডিপি, ঢাকা
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
৪. মহাপরিচালক, নায়েম ও স্কীম ডিরেক্টর, এসইডিপি, ঢাকা
৫. পরিচালক, (কলেজ ও প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
৬. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন /প্রশিক্ষণ ও বাস্তবায়ন/গবেষণা ও তথ্যায়ন /প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা
৭. অধ্যক্ষ, ---------------------------------------------------------------
৮. প্রধান হিসাব রক্ষণ অফিসার, শিক্ষা মন্ত্রণালয় ৪৫, পুরানা পল্টন, ঢাকা
৯. কোর্স পরিচালক, Induction Training for Non-Cadre Government College Teachers, (প্রথম-পঞ্চম ব্যাচ) নায়েম, ঢাকা
১০. কোর্স পরিচালক (মূল্যায়ন), Induction Training for Non-Cadre Government College Teachers, (প্রথম-পঞ্চম ব্যাচ) নায়েম, ঢাকা
১১. উপপরিচালক (প্রশাসন ও অর্থ), নায়েম, ঢাকা
১২. সহকারী পরিচালক (কমন সার্ভিস), নায়েম, ঢাকা
১৩. ফোকাল পয়েন্ট, Enhancing Professional Skills of Teachers ,SEDP
১৪. প্রোগ্রামার, নায়েম (আমন্ত্রণপত্র ও তালিকাটি নায়েমের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৫. হিসাব রক্ষণ কর্মকর্তা, নায়েম, ঢাকা ও Enhancing Professional Skills of Teachers ,SEDP
১৬. ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক, নায়েম
১৭. সংশ্লিষ্ট নথি।

২৬/৪/২০২৪
(প্রফেসর ড. শাহ মো. আমির আলী)
পরিচালক (প্রশাসন ও অর্থ), নায়েম
ও
ডেপুটি স্কীম ডিরেক্টর, এসইডিপি
মোবাইল: ০১৭৩৭৫০৬৮৯৮